

## গজারিয়ায় বিভিন্ন স্কুলে এসএসসি পরীক্ষায় অতিরিক্ত ফি নেয়ার অভিযোগ

**গজারিয়া প্রতিনিধি**

সরকারিভাবে প্রজ্ঞাপনে আঠারো হাজার মাধ্যমিক স্কুলের প্রধান শিক্ষকদের এসএসসি পরীক্ষা ২০১৫ সালের ফরম পূরণে বাবদ ১৪০০ টাকার বেশি নেয়া যাবে না এবং যে স্কুল প্রধান অতিরিক্ত টাকা নিয়েছেন তা ২০ জানুয়ারির মধ্যে ফেরত দেয়ার নির্দেশ প্রদান করা হয়েছে। কিন্তু এর পরেও মুন্সীগঞ্জের গজারিয়া পাইলট বালক উচ্চ বিদ্যালয়, ভাটের দে. এ. এ. মামান উচ্চ বিদ্যালয় এবং ভবের চর ওয়াজির আলি উচ্চ বিদ্যালয়ে অতিরিক্ত ফি নেয়ার অভিযোগ পাওয়া গেছে। নাম প্রকাশে অনিচ্ছুক নিজ নিজ স্কুলের ছাত্রছাত্রী ও অভিভাবকরা জানান, তাদের কাছ থেকে ৩৫০০-৪২০০ টাকা ফি নেয়া হয়েছে। ওই স্কুলের প্রধান শিক্ষকরা অন্যায় স্বীকার না করে বোর্ড ফি সেন্টার ফি, কোচিং ফি, মিলাদ ফি এবং ৩-৬ মাসের বেতন হিসেবে টাকা নেয়া শুরু করে দিয়েছেন। এদের মধ্যে একজন বোর্ড ফির টাকা রেখে বাকি ফেরত দেয়ার কথা জানিয়েছেন। এম্বাকার সচেতন ব্যক্তিরা এবং অভিভাবকরা অতিরিক্ত টাকা ফেরত পাওয়ার প্রত্যাশা রেখে বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। গজারিয়ার মাধ্যমিক শিক্ষা কর্তৃকর্তা নায়ার মূলতানা বলেন সরকারের প্রজ্ঞাপনে যা আছে সেভাবেই নির্দেশ দিয়ে চিঠি দেয়া হয়েছে। এর অনিয়ম বা নির্দেশ অমান্য হলে অবশ্যই কঠোর ব্যবস্থা নেয়া হবে।